



ইকরা একাডেমি

[একটি ইসলামি শিশু-শিক্ষাপ্রতিষ্ঠান]

প্রয়োজনে : ০১৭৩৯ ৮১৫৩২৮, ০১৭১১ ৯৯০০৮৭

ফরম পূরণ পদ্ধতি ও অন্যান্য

❖ ফরম পূরণ-সংক্রান্ত :

- ফরমের সাথে সংযুক্ত 'ভর্তির শর্তাবলী' পাতাটি ভালোভাবে পড়ুন। বিষয়গুলোর সাথে একমত হলে ফরম পূরণ করুন অন্যথায় ফরম পূরণ করা থেকে বিরত থাকুন।
- প্লে গ্রুপে ভর্তিচ্ছু শিশুর জন্ম তারিখ ০১/০৭/২০২০ থেকে ০১/০৭/২০২১ এর মধ্যে হতে হবে। এর ব্যতিক্রম হলে, সংশ্লিষ্ট দায়িত্বশীলদের সাথে বিষয়টি নিয়ে আলোচনা করুন।
- একই ভর্তিচ্ছুর জন্য কৌশল করে একাধিক ফরম সংগ্রহ করা যাবে না।
- সম্পূর্ণ ফরমটি পড়ে ভালোভাবে বুঝে নিন, তারপর নির্ভুলভাবে ফরমটি পূরণের চেষ্টা করুন। ফরমের কোনো বিষয় বুঝতে অসুবিধা হলে, দায়িত্বশীলদের নিকট থেকে বুঝে নিন। লেখার সময় বেশি কাটাকাটি হলে বা ফরমটি কোনো কারণে নষ্ট হয়ে গেলে, সেক্ষেত্রে নষ্ট ফরমটি জমা দিয়ে নতুন একটি ফরম সংগ্রহ করুন।
- ফরমের যে ৩ স্থানে ইংরেজিতে তথ্য চাওয়া হয়েছে, সেগুলো ব্যতীত বাকী তথ্য বাংলায় স্পষ্ট অক্ষরে লিখুন।
- অভিভাবকদের নামের বানানের ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রের বানান অনুসরণ করুন।
- শিশুর নাম লেখার ক্ষেত্রে হুবহু জন্মনিবন্ধন সনদের বানান অনুসরণ করুন। জন্মনিবন্ধন সনদ না থাকলে, শুদ্ধ বানানে শিশুর পূর্ণ নাম লিখুন। (উল্লেখ্য যে, টিকা/শিশুকার্ডে সাধারণত শিশুদের অসম্পূর্ণ নাম লেখা থাকে।)
- পিতার একাধিক মোবাইল নম্বর থাকলে, বহুল ব্যবহৃত ২টি নম্বর লিখুন।
- পিতা প্রবাসী হলে শুধু 'মোবাইল নং-৩' ছকটি পূরণ করুন।
- মোবাইল নং-১/২/৩ এর কোনটিতে হোয়াটসঅ্যাপ এ্যাকটিভ আছে? টিক দিয়ে চিহ্নিত করুন।
- মায়ের মোবাইল নম্বর প্রদান বাধ্যতামূলক নয়। প্রয়োজন মনে করলে নম্বরটি লিখুন।

❖ বিদ্যালয়ের পরিবহন সংক্রান্ত :

- বিদ্যালয়ের পরিবহন ব্যবহারের জন্য ফরম পূরণের সময়ই ফরমের নির্দিষ্ট স্থানে টিক দিয়ে আবেদন করুন।
- পরিবহনে ওঠার স্থান এমনভাবে উল্লেখ করুন, যাতে জায়গাটি সহজে ও সঠিকভাবে চেনা যায়।
- প্রতিষ্ঠানের পরিবহন চলাচলের জন্য নির্ধারিত রুট রয়েছে। উক্ত রুটের বাইরে পরিবহনের আবেদন করতে হলে, যথাযথ কর্তৃপক্ষের সাথে আলোচনা করুন। (নির্ধারিত রুটের এরিয়া জানতে বিদ্যালয়ের নোটিশ বোর্ড দেখুন।)

❖ ফরমের সঙ্গে প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্তি :

- শিক্ষার্থীর ২ কপি ছবি ফরমের নির্ধারিত স্থানে আঠা দিয়ে সংযুক্ত করুন।
- মা - বাবার ছবি, তার পরিচয়পত্রের কপির ওপরের অংশে ডান দিকে আঠা দিয়ে সংযুক্ত করুন।
- জমা দেওয়ার জন্য কাগজগুলো নিম্নোক্ত ধারাবাহিকতায় সাজান :
ভর্তি ফরম, শিশুর জন্মনিবন্ধন সনদ/টিকাকার্ডের কপি, বাবার পরিচয়পত্রের কপি, মায়ের পরিচয়পত্রের কপি।

❖ জরুরি জ্ঞাতব্য :

- সংগৃহীত ভর্তি ফরম এদিনের মধ্যে বিদ্যালয়ে জমা না দিলে, তা বাতিল বলে গণ্য হবে। সেক্ষেত্রে অভিভাবকের কোনো ধরনের ওয়র-আপত্তি করার সুযোগ থাকবে না। শিক্ষার্থীর রোল নম্বর নির্ধারণ করা হবে ভর্তি ফরম জমার উপর।